

এস্টেট ও আইন বিভাগ, এস্টেট শাখা।

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠী জেলাধীন গাবখান-ভারনী খালের পার্শ্বস্থ বিআইডব্লিউটিএ'র নিয়ন্ত্রণাধীন ০১নং প্লটের ৩.৫৭ একর, ০২নং প্লটের ৭.৩৯ একর, ০৩নং প্লটের ৭.৭০ একর, ০৪নং প্লটের ৭.৬৫ একর, ০৫নং প্লটের ১০.৩২ একর, ০৬নং প্লটের ২০.২০ একর ও ১০নং প্লটের ১.০৭ একর ভূমি কৃষি কাজে ব্যবহারের জন্য বাৎসরিক নবায়ন ভিত্তিতে লাইসেন্স প্রদান করা হবে।

২। লাইসেন্স গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিআইডব্লিউটিএ'র হিসাব বিভাগ, মতিঝিল, ঢাকা (৯ম তলা), ক্যাশ শাখা হতে ১০০০/- (এক হাজার) টাকা মূল্য মানের মানি রশিদসহ এস্টেট ও আইন বিভাগের, এস্টেট শাখা হতে প্রত্যেক প্লটের জন্য আলাদা আলাদা আবেদন ফরম সংগ্রহ ও উক্ত ফরম যথাযথভাবে পূরণ পূর্বক পরিচালক, এস্টেট ও আইন বিভাগ (২য় তলা), বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা বরাবরে আগামী ২০/০৭/২০২৬খ্রি: তারিখ ১০.০০ ঘটিকা হতে ১৪.৩০ ঘটিকার মধ্যে সীলমোহরযুক্ত উন্মুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না এবং ঐ দিনই ১৪.৪৫ ঘটিকায় দরদাতা বা তীর নিযুক্ত উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। উল্লেখ্য, আবেদন ফরমের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ইউনিয়ন পরিশোধের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকদের সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবিসহ আবেদন করতে হবে।

৩। দরপত্রের সাথে প্রত্যেক প্লটের জন্য উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) আর্নেস্ট মানি, ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট ও ১০% (শতকরা দশ ভাগ) আয়কর হিসাবে আলাদা আলাদা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিআইডব্লিউটিএ'র অনুকূলে জমা দিতে হবে। সফল দরদাতাকে লাইসেন্স বরাদ্দ প্রদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) লাইসেন্স ফি বিআইডব্লিউটিএ'র অনুকূলে জমা প্রদান করতে হবে। অন্যথায় আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা হবে। কর্তৃপক্ষ যে কোন সময় সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মো: আজমল হুদা মিঠু সরকার)
উপপরিচালক(এস্টেট)

নথি নং-১৮.১১.০০০০.২৪৬.৪৬.০১৪.২৬/ ২১

তারিখ: ০৬/০৭/২০২৬খ্রি:।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (১,০০০/-টাকা মূল্যের মানি রশিদ সরবরাহের অনুরোধসহ)।
- ৩। পরিচালক, এস্টেট ও আইন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা(বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। নির্বাহী প্রকৌশলী, বরিশাল ডিভিশন, বিআইডব্লিউটিএ, বরিশাল (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৬। বন্দর ও পরিবহন কর্মকর্তা, বরিশাল নদী বন্দর, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা (বিজ্ঞপ্তিটি সর্বসাধারণের অবগতির জন্য ০২(দুই)টি বহুল প্রচারিত দৈনিক জাতীয় পত্রিকায় ও ০১(এক)টি দৈনিক স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ৯। সদস্য(পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১০। সদস্য(অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১১। নথি কপি।


উপপরিচালক (এস্টেট)